**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:- 02-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ বিজয়া দশমী | সারা রাজ্যে প্রতিমা নিরঞ্জন চলছে |**

**(২) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপিত |**

**(৩) আদি কর্মযোগী অভিযানের অংশ হিসেবে আদর্শ সেবা পর্বের সমাপ্তি।**

**(৪) রাজ্যের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস |**

****************************************

**Vijaya Dashami :**

আজ শুভ বিজয়া ও বিজয়া দশমী ।অশুভের বিরুদ্ধে শুভর বিজয়ের মধ্যে দিয়ে শেষ হচ্ছে পাঁচ দিন ব্যাপি শারদীয়া দুর্গোৎসব। দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে দিয়ে সারা রাজ্যে প্রতিমা নিরঞ্জন পর্ব চলছে।

**###### (Byte Dhak.....) ##########**

বিজয়া দশমীতে শুভেচ্ছা বিনিময় অন্যতম রীতি। মোবাইল ফোনে ও বিভিন্ন সামাজিক মাধ্যমে শুভেচ্ছা বিনিময় চলছে। এই দিনে বাড়িতে বাড়িতে ভোজেরও ব্যবস্থা করা হয়। এর জন্য সকালে রাজ্যের বাজারগুলোতে ভিড় ছিল উপচে পরা। দেবী দূর্গার বিদায়ে ও আসছে বছর আবার এসো এই কামনায় মন্ডপে মন্ডপে মহিলারা ভিড় করেন ও সিঁদুর খেলায় মেতে ওঠেন।

******************

**Dashami :**

ব্যাপক নিরাপত্তার মধ্য দিয়ে রাজ্যের আট জেলায় আজ সকাল থেকেই প্রতিমা নিরঞ্জন শুরু হয়েছে। পুলিশ সদর দপ্তরের এসপি রাজদীপ দেব জানান, সন্ধ্যা পর্যন্ত রাজ্যে ১৫২ টি প্রতিমা নিরঞ্জন হয়েছে। এরমধ্যে পশ্চিম জেলার সবচেয়ে বেশি ১১৭ টি প্রতিমা নিরঞ্জন হয়েছে।

আগরতলায় চিরাচরিত প্রথায় আজ অন্যতম প্রাচীন পূজো প্রভূবাড়ির প্রতিমা ও রাজপরিবারের দূর্গা বাড়ির প্রতিমা নিরঞ্জন পর্ব শুরু হয়েছে। সন্ধ্যায় পুলিশ ব্যান্ডের মধ্যে দিয়ে প্রতিমা নিরঞ্জন পর্বের শোভা যাত্রা শুরু হয়েছে। এদিকে, আগামী 8 ঠা অক্টোবর আগরতলায় প্রতিমা নিরঞ্জনের জন্য কার্নিভাল হবে | তার প্রস্তুতি চলছে।

আজ সন্ধ্যা পর্যন্ত আগরতলায় দশমীঘাটে হাওড়া নদীতে ৮৮ টি প্রতিমা নিরঞ্জন হয়েছে। এছাড়া আগরতলায় চানমারি, আমতলি বাইপাসে, দুর্গাবাড়ি, খয়েরপুরে প্রতিমা নিরঞ্জন হয়েছে। পশিচম জেলার শহরাঞ্চলে সন্ধ্যা পর্যন্ত একশোটি প্রতিমা নিরঞ্জন হয়েছে। এই বছর রাজ্যে ২,৯৮৩ পুজোর আয়োজন হয়েছে। এরমধ্যে শহরাঞ্চলে ৮৮৩ টি, গ্রামাঞ্চলে ১,৯৮৩ এবং বাড়িঘরে ১১৭ টি পুজো হয়েছে।

*******************

**Vijaya Dasami / UNAKOTI :**

চিরাচরিত প্রথা ও পরম্পরাগত ভাবধারায় ঊনকোটি জেলাতে আজ বিজয়া দশমী পালিত হচ্ছে। বৃষ্টিবিঘ্নিত আবহাওয়ার মধ্যেও দেবী দুর্গার বিদায়ের দিনে আজো মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় লক্ষ্য করা যায়। গৃহবধূঁরা সিঁদুর খেলেছেন। বিজয়া দশমী উপলক্ষে অনেকের বাড়ীঘরে আজ আলপনা আঁকা হয়।

*********************

**Immersion gomati :**

সারা রাজ্যের মতো গোমাতি জেলাতেও শুরু হয়েছে প্রতিমা নিরঞ্জন। গোমাতি নদীর তীরে গড়ে উঠা দশমীঘাটে প্রতিমা নিরঞ্জন পর্ব শুরু হয়েছে আজ দুপুর থেকে।

********************

**Power Situation :**

শারদ উৎসবে রাজ্যে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আজ দশমীর সন্ধ্যায় রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ২৪৭ দশমিক ৪ মেগাওয়াট। ষষ্ঠীর সন্ধ্যায় বিদ্যুতের চাহিদা ছিল ৩২৩ দশমিক ৫ মেগাওয়াট, সপ্তমীর সন্ধ্যায় ছিল ৩৪৩ দশমিক ৯ মেগাওয়াট। অষ্টমীর সন্ধ্যায় ছিল ৩৬৩

মেগাওয়াট। নবমীর সন্ধ্যায় ছিল ২৯৫ দশমিক ১ মেগাওয়াট। বিদ্যুৎ নিগম সুত্রে এখবর জানা গেছে।

******************

**CM - Dashami Ghat :**

বিজয়া দশমী উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন | আজ আগরতলার দশমীঘাটে নিজ বাসভবনের পারিবারিক দূর্গা পূজার প্রতিমা নিরঞ্জনে উপস্থিত হন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা | মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন তাঁর পরিবার-পরিজন ও আগরতলা পুর মেয়র দীপক মজুমদার ।একটি বছরের অপেক্ষার পর মায়ের পুজো শেষে বিদায় বেলায় তিনি সকল রাজ্যবাসী দেশ ও দশের মঙ্গল কামনা করেন।

********************

**Biplob Kumar Deb :**

প্রাক্তন মুখ্যমন্ত্রী সাংসদ বিপ্লব কুমার দেব বিজয় দশমী উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি জাতি জনজাতি অংশের জনগনের সুখ-সমৃদ্ধি কামনা করেছেন।

***********************

**Gandhi Jayanti- National :**

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬তম জন্মবার্ষিকীতে দেশ আজ তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে। রাজধানী দিল্লির রাজঘাটে বাপুর সমাধিতে সর্বধর্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাজঘাটে মহাত্মা গান্ধীর প্রতি পুষ্পস্তবক অর্পণ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬তম জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, গান্ধী জয়ন্তী হল প্রিয় বাপুর অসাধারণ জীবনের প্রতি শ্রদ্ধা জানানো, যাঁর আদর্শ মানব ইতিহাসের গতিপথ বদলে দিয়েছিল। তিনি দেখিয়েছেন যে, কীভাবে সাহস ও সরলতা বড় পরিবর্তনের হাতিয়ার হয়ে উঠতে পারে। তিনি বলেন, মহাত্মা গান্ধী মানুষের ক্ষমতায়নের অপরিহার্য মাধ্যম হিসেবে সেবা ও সহানুভূতির শক্তিতে বিশ্বাস করতেন। দেশ তাঁর পথ অনুসরণ করে বিকশিত ভারত গড়তে থাকবে।

**********************

**Gandhi Jayanti- Santana Chakma :**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়| আজ সকালে আগরতলায় গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন ও গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। তিনি রাজ্যবাসীকে দেশীয় পণ্য এবং খাদিজাত দ্রব্য আরও বেশি পরিমাণে ব্যবহার করার জন্য আহ্বান জানান। এর আগে আজ সকালে তিনি সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

*******************

**157 Birthday observed at Belonia :**

মহাত্মা গান্ধীর ১৫৭ তম জন্মদিবস আজ বিলোনিয়ায় দক্ষিণ জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের অফিসে এক অনুষ্ঠানে পালিত হয়।বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ গান্ধীজীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। বরজ কলোনিতে গান্ধী মূর্তিতে শ্রদ্ধা জানান বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ সহ অন্যান্যরা।

********************

**Gandhi-Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় কংগ্রেস ভবনে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী যথাযথ মর্যাদায় পালন করা হয়। কংগ্রেস নেতৃবৃন্দ গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন| উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, প্রদেশ কংগ্রেস সহ-সভাপতি শান্তিরঞ্জন দেবনাথ, কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী প্রমুখ| কংগ্রেস ভবন থেকে একটি শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে গান্ধীঘাটে যায়। সেখানে গান্ধীজীর শহীদ বেদীতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়| প্রদেশ কংগ্রেস সভাপতি সহ অন্যান্য নেতৃবৃন্দ গান্ধীজীর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

**********************

**Gandiji's Birth day :**

তথ্য, সংস্কৃতি দপ্তর এবং উদয়পুর পুর পরিষদের যৌথ উদ্যোগে আজ গোমতি জেলায় জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬ তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়।

অযোজিত অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর কর্মজীবন ও স্বাধীনতা আন্দোললের অবদান নিয়ে আলোকপাত করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক সুমন দাস |

এর আগে আজ সকালে উদয়পুর পুর পরিষদের উদ্যোগে পক্ষকালব্যাপি ‘স্বচ্ছতা হি সেবা’ কর্মসূচির সমাপ্তি ঘটে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

********************

**SEVA PARV-SAMUDRAYAN :**

স্বনির্ভরতা এবং বৈজ্ঞানিক অগ্রগতির ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বর্তমান কেন্দ্রীয় সরকার ভারতের সাময়িক বৈজ্ঞানিক গবেষনাকে – অন্য মাত্রায় নিয়ে গেছে। আজ, এই বিশেষ সিরিজ - 'সেবা পর্বে , আমরা আপনাদের সামনে বর্তমান সরকার সমুদ্রযান প্রকল্পে ভারতের প্রথম মনুষ্যবাহী গভীর সমুদ্র অভিযানে সামুদ্রিক গবেষণায় এদেশকে যেভাবে বিশ্বের শীর্ষ পর্যায়ে তুলে আনছে সেটাই শোনাচ্ছি।

**v/o –**

বিগত এক দশকে ভারত গবেষনার চূড়ান্ত সীমা গভীর সমুদ্রে ডুব দিচ্ছে। এর কেন্দ্রবিন্দুতে রয়েছে 'সমুদ্রযান প্রকল্প', ভারতের প্রথম মনুষ্যবাহী গভীর সমুদ্র অভিযান। ২০২১-এ চালু হওয়া, গভীর মহাসাগর অভিযান ভারতের বৈজ্ঞানিক ও কৌশলগত ক্ষমতায় একটি রূপান্তরমূলক উত্থান চিহ্নিত করেছে। সমুদ্র সম্পদের উপর নজর রেখে এবং ব্লু ইকনমি বা নীল অর্থনীতিকে শক্তিশালী করে, ভারত ফ্রান্সের সঙ্গে একযোগে MATSYA 6000 সাবমার্সিবল তৈরি করেছে। তিনটি অ্যাকোয়ানটকে ছয় হাজার মিটার গভীরতায় নিয়ে যাওয়ার জন্য তৈরি এই জাহাজটি ইতিহাস সৃষ্টি করেছিল যখন অ্যাকোয়ানট কমান্ডার যতিন্দর পাল সিং এবং রাজু রমেশ পাঁচ হাজার মিটার সামুদ্রিক গভীরতায় ডুব দিয়েছিলেন।

স্বাধীনতা দিবসে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় গভীর জল অনুসন্ধান মিশন ঘোষণা করেছেন, যার লক্ষ্য সমুদ্রে তেল ও গ্যাসের মজুদ অনুসন্ধান করা। একে সমুদ্র-মন্থন হিসাবে অভিহিত করে তিনি বলেন, এই উদ্যোগটি মিশন মুডে বাস্তবায়িত হবে, যা জ্বালানি ক্ষেত্রে স্বনির্ভরতার জন্য ভারতের প্রয়াসকে তুলে ধরে।

**BYTE -**
**https://x.com/MithilaWaala/status/1956230584231137414**

স্বাভাবিকভাবেই যানবাহন এবং চাপ-প্রতিরোধী উপকরণ সহ দেশীয় গভীর সমুদ্র প্রযুক্তি বিকাশে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যার সফল পরীক্ষা অব্যাহত আছে। সমুদ্রের গভীরে গিয়ে, ভারত কেবল খনিজ, জীববৈচিত্র্য এবং শক্তির বিশাল মজুদ উন্মোচন করছে না, বরং উন্নত গভীর সমুদ্র গবেষনা প্রযুক্তি সক্ষম কয়েকটি দেশের মধ্যে নিজের জায়গাও করে নিচ্ছে।

সংবাদ কক্ষ থেকে সুমন ভট্টাচার্য আকাশবাণী আগরতলা|

****************************

**Adi Karmayogi Abhijaan :**

ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের আদি কর্মযোগী অভিযান বিষয়ে বিশেষ গ্ৰামসভা আজ ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের রাজকান্দি ADC ভিলেজে অনুষ্ঠিত হয়।

***********************

**AADI KARMAYOGI :**

খোয়াই জেলার পদ্মবিল আর.ডি ব্লকের অন্তর্গত রাম দয়াল বাড়ি ভিলেজ কমিটিতে আজ দুপুরে আদি কর্মযোগী অভিযান প্রকল্প নিয়ে একটি বিশেষ গ্রামসভা অনুষ্ঠিত হয় | এই বিশেষ গ্রামসভাটি ছিল "আদর্শ সেবা পর্ব"-এর সফল সমাপ্তি এবং "আদি কর্মযোগী অভিযান"-এর অংশ হিসেবে গ্রাম উন্নয়ন পরিকল্পনা ২০৩০ অনুমোদনের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

********************

## DHARMANAGR JAIL :

ধর্মনগর সাব-জেল থেকে ছয়জন বন্দীর পালিয়ে যাওয়ার ঘটনায় সাবজেইলার সহ চারজন রক্ষীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে | আইজি প্রিজন গতকাল এক বিজ্ঞপ্তিতে এই পাঁচজন কারাকর্মীর বরখাস্তের নির্দেশ দেন | পুলিশ আজ ধর্মনগরের বৈঠাং বাড়ি এলাকা থেকে পলাতক এক বন্দীকে আটক করে | এনিয়ে দুই জনকে আটক করা হয়েছে | বাকি চার জন পলাতকের খোঁজ চলছে |

*********************

## Joint operation, Sonamura :

কেন্দ্রীয় সরকারের নারকোটিক কন্ট্রোল বিউরো (NCB), রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স (STF), সিপাহীজলা জেলা পুলিশ ও বি.এস.এফ. -এর যৌথ অভিযানে বিপুল পরিমান নেশাজাতীয় দ্রব্য উদ্ধার হয়েছে। গোপন খবরের ভিত্তিতে আজ ভোর থেকে সকাল পর্যন্ত এই অভিযানটি চলে সোনামুড়ার আড়ালিয়া এলাকায়। মধ্য আড়ালিয়ার রাস্তার পাশে রাখা একটি গাড়ি থেকে কয়েকটি বস্তাবন্দি অবস্থায় উদ্ধার হয় এই নেশাসামগ্রী গুলি। সিপাহীজলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর জানিয়েছেন ফেন্সিডিল ও এসকফ মিলিয়ে মোট ৪২৩১ বোতল নেশার সিরাপ উদ্ধার হয়েছে।

********************

## Weather :

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া, বাকি সবক`টি জেলাতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা আছে বলে জানিয়েছে দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫.৪ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৩.৪ মিলিমিটার।

*********************

********************